গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০১.৩৬৮.১৯.৩৫

তারিখ: ৪ কার্তিক ১৪২৭
২০ অক্টোবর ২০২০

বিষয়: **Leveraging Technologies for Sustainable Development (২য় ব্যাচ) শীর্ষক দিবাকালীন অনলাইন (জুম সফটওয়্যার) প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন প্রদান প্রসঙ্গ।**

সূত্র: নং:২০.০৭.০০০০.০০৬.০১.৩৬৮.১৯.৩০, প্রেরণের তারিখঃ ০৮ অক্টোবর ২০২০

মহোদয়,

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর বর্ষপঞ্জি ২০২০ - ২১ অনুযায়ী সূত্রে বর্ণিত পত্র মোতাবেক Leveraging Technologies for Sustainable Development (২য় ব্যাচ) শীর্ষক দিবাকালীন প্রশিক্ষণ কোর্সটি ২৫ অক্টোবর ২০২০ হতে ২৯ অক্টোবর ২০২০ পর্যন্ত ০৫ (পাচঁ) কর্মদিবস মেয়াদে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। অনিবার্য কারনবশতঃ উল্লিখিত সময়ের পরিবর্তে পরিবর্তিত তারিখ অনুযায়ী আগামী **২৯ নভেম্বর ২০২০ হতে ০৩ ডিসেম্বর ২০২১** পর্যন্ত ০৫ (পাচঁ) কর্মদিবস মেয়াদে **অনলাইনে (জুম সফটওয়্যার)** অনুষ্ঠিত হবে। পূর্বে কর্মকর্তা মনোনয়ন দিয়ে থাকলে নতুন করে মনোনয়ন দেওয়ার প্রয়োজন নেই।

**কোর্সটির গুরুত্ব ও প্রয়োজনীয়তাঃ**

ইন্টারনেট প্রযুক্তি উৎপাদনশীলতা ও অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়িয়ে তোলার পাশাপাশি তা মানবসমাজের সামনে সুযোগ করে দিয়েছে উন্নত জীবনযাপন ও সহজতর উপায়ে কর্মসম্পাদনের৷ সব ক্ষেত্রে সব স্তরের মানুষ উপভোগ করতে পারছে সে সুযোগ । ইন্টারনেট প্রযুক্তি ব্যবসায়ে, শিক্ষায়, বিশ্ব পর্যায়ে মিথস্ক্রিয় যোগাযোগ ইত্যাদিতে এনেছে এক নয়া বিপ্লব৷

**১) কোর্সটি সর্বাধুনিক আইসিটি প্রযুক্তি বিষয়ক বিধায়, কর্মকর্তাগণকে মনোনয়ন তাদের আইসিটি সক্ষমতা বৃদ্ধিতে ভূমিকা রাখবে।**

**২) কর্মকর্তাগণের সর্বাধুনিক আইসিটি সক্ষমতা বৃদ্ধি পেলে ই-নথি, ইজিপি, জিআরপি সহ সরকারী কাজে ব্যবহৃত সফটওয়ারের ব্যবহার সহজতর হবে যা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সরাসরি ভূমিকা রাখবে।**

**৩) কোর্সটি অনলাইনে (জুম প্লাটফর্মে) অনুষ্ঠিত হবে বিধায় প্রশিক্ষণার্থীগণ কোভিড - ১৯ ঝুঁকিতে পড়বেন না।**

**৪) সরকার নির্ধারিত প্রত্যেক কর্মকর্তার জন্য বার্ষিক ৫০ (পঞ্চাশ) ঘন্টা প্রশিক্ষণ বাস্তবায়নে উল্লিখিত প্রশিক্ষণ কোর্সটি সহায়ক হবে।**

কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রশিক্ষণার্থীর পর্যায় | : | সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের ৯ম গ্রেড বা তদুর্ধ্ব কর্মকর্তাবৃন্দ। |
| | | | |
| (২) | কোর্সের সময়সূচী ও মেয়াদ | : | সকাল ০৯.০০ - বিকাল ০৫.০০ মিনিট । ০৫ কর্মদিবস । |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| (৩) | কোর্স ফি | : | (ভ্যাট ও আয়কর ব্যাতীত) ৮,০০০/- (আট হাজার) টাকা মাত্র। কোর্স ফি কোর্স শুরুর পূর্বে "মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, ঢাকা" বরাবরে নগদ অথবা ক্রসড্ চেক এর মাধ্যমে প্রদেয়। |
| | | | |
| (৪) | কোর্সের উদ্দেশ্য | : | To understand Leveraging Technologies for Sustainable Development |
| | | | |
| (৫) | পাঠ্যসূচি | : | Module 1: Leveraging Technologies for SD<br>1. Artificial Intelligence (AI)<br>2. Machine Learning<br>3. Internet of Things (IoT)<br>4. Cloud Computing<br>5. Industry 4.0<br>6. Big Data<br>7. Innovation<br>8. Dev Ops (agile relationship between development and IT operations)<br>9. Intelligent Apps (I – Apps) |
| | | | |
| (৬) | কোর্সের সুবিধাদি | : | - কোর্সটি **অনলাইনে (জুম প্লাটফর্মে)** অনুষ্ঠিত হবে বিধায় প্রশিক্ষণার্থীগণ বাসা/অফিস/পছন্দমত জায়গায় অবস্থান করে প্রশিক্ষণ নিতে পারবেন।<br>- কোর্স ফান্ড হতে প্রশিক্ষণার্থীগণ ইন্টারনেটভাতা ৫০০ (পাঁচশত) টাকা প্রাপ্ত হবেন।<br>-কোর্স ম্যাটেরিয়ালস প্রদান; |
| | | | |
| (৭) | প্রশিক্ষণার্থীর সংখ্যা | : | ২৫ জন। |
| | | | |
| (৮) | আবাসিক/অনাবাসিক | : | কোর্সটি অনাবাসিক এবং **অনলাইন (জুম প্লাটফর্মে) ভিত্তিক** দিবাকালীন । |
| | | | |
| (৯) | মনোনয়নের শেষ তারিখ | : | ২২ নভেম্বর ২০২০। |
| | | | |
| (১০) | মনোনয়ন প্রেরণ | : | মহাপরিচালক, এনএপিডি অথবা নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে মনোনয়ন প্রেরণ করা যাবে। অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য একাডেমির ওয়েবসাইট www.napd.gov.bdএ প্রশিক্ষণ মেন্যুর, কোর্সে অনলাইন রেজিস্ট্রেশন নামক সাবমেন্যুতে ফরম পূরণ করা যাবে। অনলাইন রেজিস্ট্রেশনের সংক্ষিপ্ত ইউআরএল: http://training.napd.ac.bd/course_registration.php?cid=153 |
| | | | |
| (১১) | কোর্সে যোগদানের তারিখ ও সময় | : | মনোনীত কর্মকর্তাকে আগামী ২৯ নভেম্বর ২০২০ তারিখ সকাল ০৮.৩০ টায় জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি প্রেরিত **অনলাইন জুমে** রিপোর্ট করতে হবে। |

উক্ত প্রশিক্ষণ কোর্সে আপনার মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা মনোনয়ন প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়কারী ও সহকারী

প্রোগ্রামার জনাব মোঃ নূরুল আমিন (ফোন: ৮৬১৪৭০৫-৬/২১৭, মোবাইল: ০১৮১৮-৩৫৭৭৮২ ইমেইলঃap@napd.gov.bd) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে এনএপিডি এপস (NAPD Apps গুগল প্লে-স্টোর থেকে ডাউনলোড করা যাবে) এ আসন্ন কোর্সসমূহ হতে Leveraging Technologies for Sustainable Development কোর্সের "ENROLLMENT" বাটনে বাটনে ক্লিক করে registration form পূরণ করে পাঠানো যাবে। উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থলের ঠিকানা | ফোন নম্বর | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|---|

মনোনয়ন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়ন ই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২০-১০-২০২০
প্রকৌঃ মোঃ আবদুর রশিদ
পরিচালক
ফোন: ৯৬৬৫৩৫১
ইমেইল: dir.admin@napd.gov.bd

বিতরণ :

১) সিনিয়র সচিব/সচিব (সকল)

২) রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা

৩) বিভাগীয় কমিশনার (সকল)

৪) জেলা প্রশাসক (সকল)

৫) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৭) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০১.৩৬৮.১৯.৩৫/১(৩৪)

তারিখ: ৪ কার্তিক ১৪২৭
২০ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সকল কর্মকর্তা, এনএপিডি

২) মহাপরিচালকের স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৩) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

২০-১০-২০২০
মোঃ নুরুল আমিন
সহকারী প্রোগ্রামার